বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
লাইসেন্সিং শাখা
www.btrc.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.০০০.৭০২.৪৬.০৬৬৮.১৯.১৩১৫

তারিখ: ১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুন ২০২৬

বিষয়: Luminous Technology এর অনুকূলে ইস্যুকৃত উপজেলা/থানা আইএসপি লাইসেন্স পূর্বের ধারাবাহিকতায় নবায়ন ও কনভার্সন প্রসঙ্গে।

সূত্র: Luminous Technology এর পত্র নং-ISP-19012025-REN-0001092; তারিখ: ২৭-০১-২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, Luminous Technology কর্তৃক দাখিলকৃত মতিঝিল উপজেলা/থানাধীন আইএসপি লাইসেন্স পূর্বের ধারাবাহিকতায় ১৭-০১-২০২৪ হতে ৩০-০৬-২০২৭ মেয়াদে নবায়ন ও কনভার্সনের নিম্নোক্ত শর্তে অনুমোদন প্রদান করা হলোঃ

শর্তাবলী:

১) প্রতিষ্ঠানটি টেলিযোগাযোগ নেটওয়ার্ক ও লাইসেন্সিং পলিসি, ২০২৫ এর ভিত্তিতে পরিচালিত হবে।

২) ISP লাইসেন্স ও গাইডলাইনের সকল শর্ত অনুসরণ করতে হবে;

৩) কমিশন হতে জারিকৃত নির্দেশনা/ডিরেক্টিভস্ মেনে সংশ্লিষ্ট টেলিযোগাযোগ সেবা পরিচালনা করতে হবে;

৪) বিটিআরসি'র Data Information System (DIS) সহ অন্যান্য ডাটাবেজসমূহে লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানকে নিয়মিত তথ্য প্রদান করতে হবে;

৫) সকল শর্ত যথাযথভাবে পালন করতে হবে, অন্যথায় লাইসেন্স বাতিল করাসহ আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, Luminous Technology এর অনুকূলে ইতঃপূর্বে ইস্যুকৃত উপজেলা/থানা আইএসপি লাইসেন্সের মূল কপি কমিশনে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে ই-লাইসেন্স প্রাপ্তির ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করতে হবেঃ

ক) আগামী ৩০-০৬-২০২৭ তারিখ পর্যন্ত লাইসেন্স নবায়নের লক্ষ্যে লাইসেন্স একুইজিশন ফি এর ২০% হারে (২৫,০০০ টাকার ২০%) ৫,০০০ টাকার Bank Guarantee (BG) নির্ধারিত ফরম্যাট (Appendix-5) মোতাবেক প্রদান করতে হবে অথবা;

খ) দ্বিতীয় বছরের শুরুর তারিখ হতে আগামী ৩০ জুন ২০২৭ পর্যন্ত সময়ের ক্ষেত্রে বছর ভিত্তিক সম্পূর্ণ বাৎসরিক ফি ও ভ্যাট এবং অবশিষ্ট সময়ের জন্য দিন গণনা করত: আনুপাতিক হারে ফি ও ভ্যাট প্রদান করতে হবে;

গ) অত্র পত্র জারির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ব্যাংক গ্যারান্টি/ বাৎসরিক ফি কমিশনের অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগে জমা প্রদান করতঃ রিসিভ কপি লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগে জমা প্রদান করতে হবে;

ঘ) উল্লেখ্য, ইতঃপূর্বে জমাকৃত BG (যদি থাকে) ফেরত গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের মালিক/অংশীদারগণের অবর্তমানে বাধ্যতামূলকভাবে মালিক/অংশীদারগণ কর্তৃক মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা (Authorization) প্রদান করতে হবে।

১৫-০৬-২০২৬
মোঃ আশফাক আহমেদ
উপ-পরিচালক

Proprietor, Luminous Technology
Luminous Technology, 28/G/1 (1st Floor), Toynobi Circular Road Motijheel, Dhaka-1000।

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.০০০.৭০২.৪৬.০৬৬৮.১৯.১৩১৫/১ (২)

তারিখ: ১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।
২। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।

১৭-০৬-২০২৬
মোঃ আখেরুল ইসলাম
উপ সহকারী পরিচালক